

WE ARE YOUR DOL



Department
of Labor

সরকারি কর্মচারী চাকরির নিরাপত্তা ও স্বাস্থ্য সহায়তা

1980 সালের নিউ ইয়র্ক স্টেটের সরকারি কর্মীদের নিরাপত্তা ও স্বাস্থ্য সংক্রান্ত আইন, স্টেটের সর্বত্র নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মক্ষেত্র বজায় রাখার প্রচার করার মাধ্যমে কর্মচারীদের চাকরির নিরাপত্তা ও স্বাস্থ্য সম্পর্কিত সুরক্ষা প্রদান করে। আইন অনুযায়ী নিম্নলিখিত দিকগুলি প্রয়োজনীয়:

নিয়োগকর্তা

নিয়োগকর্তারা তাদের কর্মচারীদের এমন কর্মক্ষেত্র প্রদান করবে যা:

- সম্ভাব্য ঝুঁকি থেকে সম্পূর্ণ মুক্ত হবে,
- কর্মস্থানে প্রযোজ্য নিরাপত্তা ও স্বাস্থ্যগত মান বজায় রাখবে, এবং
- PESH - নিয়মের অধীনে কমিশনার অফ লেবারের জারি করা যে কোনো প্রকারের অন্যান্য আচার-বিধি মেনে চলবে।

কর্মী

কর্মীদের তাদের কাজের সাথে সম্পর্কিত সকল প্রকারের সুরক্ষা ও স্বাস্থ্যগত মান বজায় রেখে চলতে হবে। কর্মীদের তাদের কাজের সাথে সম্পর্কিত বিষয়ে PESH আইনের অধীনে জারি করা যে কোনো প্রকারের বিধিনিষেধকে অবশ্যই মেনে চলতে হবে।

বলবৎকরণ

PESH আইনকে নিউ ইয়র্কের শ্রম দপ্তর পরিচালনা এবং বলবৎ করে থাকে। কমিশনার অফ লেবার, সুরক্ষা ও স্বাস্থ্যগত মান জারি করে থাকে। সুরক্ষা ও স্বাস্থ্য শিল্প পরিদর্শন দপ্তরের শাখায় (DOSH) ইন্সপেক্টর এবং স্বাস্থ্য বিশেষজ্ঞরা রয়েছে যারা কর্মক্ষেত্রে পর্যবেক্ষণ করে এটা নিশ্চিত করে যে সেখানে PESH আইন মেনে চলা হচ্ছে।

পরিদর্শন

যখন DOSH-এর কর্মচারীরা কর্মক্ষেত্রে পর্যবেক্ষণ করেন, পর্যবেক্ষণের সাহায্য করার জন্য নিয়োগকর্তার পক্ষ থেকে একজন প্রতিনিধিত্বকারীকে কর্মীদের পক্ষ থেকে একজনকে প্রতিনিধিত্ব করার সুযোগ দেওয়া হয়। যখন কোনো কর্মচারীদের প্রতিনিধিত্ব করার সুযোগ দেওয়া হয় না, তখন DOSH-এর কর্মী কর্মক্ষেত্রের সুরক্ষা এবং স্বাস্থ্যগত স্থিতি সম্পর্কে বহু সংখ্যক কর্মচারীদের সাথে কথা বলে থাকে।

অনুবর্তিতার আদেশ

দপ্তর যদি মনে করে যে কোনো নিয়োগকর্তা PESH আইনের লঙ্ঘন করেছে, তাহলে আমরা নিয়োগকর্তাকে একটি অনুবর্তিতার নির্দেশিকা জারি করবো। নির্দেশিকায় নির্দিষ্ট তারিখ উল্লেখিত থাকবে যার মধ্যে ওই লঙ্ঘনটিকে শুধরে নিতে হবে। যদি ওই তারিখের মধ্যে লঙ্ঘনটিকে শুধরে নেওয়া না হয়, তাহলে হয়তো নিয়োগ কর্তাকে জরিমানা দিতে হবে। যে কর্মক্ষেত্রে লঙ্ঘনটি করা হয়েছে সেখানে অথবা সেই স্থানের কাছাকাছি জায়গায় যেখান থেকে আদেশটিকে সহজে দেখা যাবে সেখানে অনুবর্তিতার আদেশটিকে আটকে দেওয়া হবে। এটি কর্মকর্তাকে সচেতন করে দেবে যে যেকোনো প্রকারের বিপদ ঘটতে পারে।

অভিযোগ

যেকোনো ব্যক্তি যিনি এই ব্যাপারে আগ্রহী, অভিযোগ জানাতে পারেন যদি তারা মনে করেন যে কোনো নির্দিষ্ট সরকারি কর্মস্থানে কাজ করা বিপদজনক অথবা অস্বাস্থ্যকর বলে মনে হচ্ছে। এর মধ্যে রয়েছে:

- একজন কর্মচারী
- কর্মচারীদের একজন প্রতিনিধি
- কর্মচারীদের কোনো দল
- কর্মচারীদের কোনো দলের প্রতিনিধি

অভিযোগটিকে লিখিতভাবে নিকটবর্তী DOSH অফিসে দায়ের করুন অথবা এখানে মেল করুন: Ask.SHNYPESH@labor.ny.gov

অনুরোধের ভিত্তিতে, DOSH যেসকল কর্মচারীরা অভিযোগ দাখিল করছেন তাদের নাম প্রকাশ করা হবে না। শ্রম দপ্তর প্রতিটি অভিযোগকে খুঁটিয়ে দেখবে। দপ্তর তদন্তের ফলাফলটি, যে ব্যক্তি অভিযোগটি করেছেন তাকে জানাবে।

এই সকল অভিযোগ এখানে গিয়ে অনলাইনে মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম দপ্তর, পেশাগত সুরক্ষা ও স্বাস্থ্য পরিচালনাতেও করা যেতে পারে:

www.osha.gov

পক্ষপাতিত্ব

কর্মক্ষেত্রের সুরক্ষা এবং স্বাস্থ্যগত স্থিতির সম্পর্কে অভিযোগ জানানোর জন্য বা এই আইনের অনুযায়ী কোনো পদক্ষেপ নেওয়ার জন্য কোনো কর্মচারীকে বরখাস্ত বা তার প্রতি ব্যভিচার করা যাবে না।

যদি কর্মচারীরা মনে করেন যে তাদের প্রতি পক্ষপাতিত্ব করা হচ্ছে তাহলে সে নিকটবর্তী DOSH অফিসে অভিযোগ জানাতে পারে। পক্ষপাতিত্বের ঘটনাটি ঘটার 30 দিনের মধ্যে অভিযোগ জানাতে হবে।

স্বৈচ্ছাসেবামূলক কার্যকলাপ

শ্রম দপ্তর কর্মকর্তাদের ও কর্মচারীদের এই ব্যাপারে স্বৈচ্ছায় কাজ করতে বলে যাতে

- কর্মক্ষেত্রে বিপদ এড়ানো যায় এবং
- সকল কর্মক্ষেত্রে উন্নত সুরক্ষা ও স্বাস্থ্যগত প্রোগ্রাম তৈরি করা হয়।

কর্মক্ষেত্রে বিপদকে চিহ্নিত করতে এবং সেটিকে ঠিক করতে সুরক্ষা ও স্বাস্থ্য দপ্তর বিনামূল্যে সাহায্য দিয়ে থাকে। নিয়োগকর্তারা এখানে ইমেইল স্বৈচ্ছায় সাহায্য পেতে অনুরোধ জানাতে পারেন:

Ask.SHNYPESH@labor.ny.gov।

এই ব্যাপারে আরো তথ্য নিচে উল্লেখিত নিকটবর্তী DOSH ডিস্ট্রিক্ট অফিস থেকে পাওয়া যাবে:

Albany District

State Office Campus
Bldg. 12, Rm. 158
Albany, NY 12240
টেলিফোন: (518) 457-5508

Binghamton District

44 Hawley St., Rm. 901
Binghamton, NY 13901
টেলিফোন: (607) 721-8211

Buffalo District

295 Main Street, Suite 905
Buffalo, New York 14203-2412

Garden City District

400 Oak Street
Garden City, NY 11550
টেলিফোন: (516) 228-3970

New York City District

Shirley A. Chisholm State
Office Building
55 Hanson Place, 12th Floor
Brooklyn, New York 11217-1523
টেলিফোন: (212) 775-3554

Rochester District

109 S. Union St., Rm. 402
Rochester, NY 14607
টেলিফোন: (585) 258-8806

Syracuse District

450 South Salina Street
Syracuse, NY 13202
টেলিফোন: (315) 479-3212

Utica District

207 Genesee Street
Utica, NY 13501
টেলিফোন: (315) 793-2258

White Plains District

120 Bloomingdale Road
White Plains, NY 10605
টেলিফোন: (914) 997-9514

লক্ষণীয়ভাবে পোস্ট